| উন্নয়নের গণতন্ত্র<br>শেখ হাসিনার মূলমন্ত্র | শেখ হাসিনার দর্শন<br>বাংলাদেশের উন্নয়ন | শেখ হাসিনার দর্শন<br>সব মানুষের উন্নয়ন |
|---|---|---|

## উপজেলা পরিষদ
## কেন্দুয়া, নেত্রকোণা

:-**নোটিশ**-:

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৩- ৬৮১ তারিখঃ ২১.০৮.২০২৩ খ্রি.

কেন্দুয়া উপজেলা পরিষদের আগস্ট/২০২৩ মাসের মাসিক সাধারণ সভা আগামী ২৮ আগস্ট ২০২৩ খ্রি: রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।

উল্লেখ্য যে, সভা অনুষ্ঠানের অন্ততঃ ০৩ দিন পূর্বে কার্যপত্র এবং বিগত সভার সিদ্ধান্ত সমুহ (স্ব-স্ব অংশ) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দসহ সংশ্লিষ্টদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভায় আলোচ্য সূচীঃ

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। এডিপি ও বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে আলোচনা।
০৩। বিভাগীয় আলোচনা।
০৪। হাট-বাজার বিষয়ে আলোচনা।
০৫। আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা।
০৬। গ্রাম আদালত বিষয়ক আলোচনা।
০৭। বিবিধ আলোচনা।

২১/০৮/২০২৩
(কাবেরী জালাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৩- ৬৮১ তারিখঃ ২১.০৮.২০২৩ খ্রি.

বিতরণকার্যার্থেঃ -

.......................................................... (সংশ্লিষ্ট সকল)
কেন্দুয়া, নেত্রকোণা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৯, নেত্রকোণা-৩ (কেন্দুয়া-আটপাড়া নির্বাচনী এলাকা)।
২। জেলা প্রশাসক,নেত্রকোণা।

২১/০৮/২০২৩
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

## উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর আগস্ট ২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।
সভার তারিখ ঃ ২৮ আগস্ট ২০২৩ খ্রি. সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য
অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সর্বসম্মতি সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রথম কিস্তির ২৬.৬৭ লক্ষ টাকার বরাদ্দ পাওয়া গিয়েছে। বর্তমান অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর স্কীমসমূহ যেন অক্টোবর/নভেম্বর মাসে দরপত্র আহ্বান করা যায় সে জন্য উপজেলা পরিষদের সদস্যদের সেপ্টেম্বর মাসেই স্কীম দাখিলের জন্য অনুরোধ করেন। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| ২. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ চক্রের ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ১৬২৫ জন উপকারভোগীদের মাঝে জুন/২০২৩ খাদ্য বিতরণ করা হয়। জুলাই মাস ২০২৩ নতুন খাদ্য বরাদ্দ এখনো পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তির প্রেক্ষিতে উপকারভোগীদের মাঝে জুলাই আগস্ট মাসে খাদ্য বিতরণ করা হবে। মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় পৌরসভা পর্যায়ে মাসিক ১৩ জন এবং ইউনিয়ন পর্যায়ে প্রতি ইউনিয়নে ৬ জন করে ভাতাভোগী নির্বাচন কাজ প্রক্রিয়াধীন। এছাড়া গত অর্থ বছরের নির্বাচিত ভাতাভোগীদের ভাতা বিতরণ কার্যক্রম চলমান। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কেন্দুয়া |
| ৩. | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে টিআর/কাবিখার কাজ চলমান আছে। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৪. | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, কেন্দুয়া উপজেলায় সর্বমোট ২২,৩৫৪ টি টিসিবি কার্ড রয়েছে এবং প্রতি ভোক্তা/কার্ডধারী আগস্ট/২০২৩ খ্রি: মাসে ০৫কেজি করে চাল বিক্রি শেষ হয়েছে। খাদ্য বান্ধব সেপ্টেম্বর/২০২৩ খ্রি: ও অক্টোবর/২০২৩ খ্রি: এর চাল আগস্ট/২০২৩ খ্রি: মাসে বিতরণ চলছে এবং ০৫.০৯.২০২৩ খ্রি: পর্যন্ত চলবে। ভিডব্লিউবি বরাদ্দ পাওয়া যায় নাই। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ৫. | যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরের ১৪টি ব্যাচে ৪২০ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দেওয়া হবে। আগামী মাস হতে প্রশিক্ষণ কাজ শুরু হবে। আর চলতি মাসে ১২ জন যুবক/যুবতীর মধ্যে ৬,৮০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বিদেশ ফেরৎ কর্মীদের তথ্য আগামী ০৫.০৯.২০২৩ তারিখের মধ্যে যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করেন। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ৬. | জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কেন্দুয়া সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রতিটি ইউনিয়নে ১৩টি করে গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দের স্থান ইউনিয়ন ওয়াটসন কমিটি কর্তৃক নির্ধারিত করা হবে। ইউনিয়ন ওয়াটসন কমিটি কর্তৃক নির্ধারিত স্থান তালিকা উপজেলা ওয়াটসন কমিটি কর্তৃক অনুমোদিত হতে হবে। অধিদপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, জনস্বাস্থ্য প্রকৌশলী, চেয়ারম্যান সকল ইউপি |
| ৭. | ফায়ার সার্ভিস | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, কেন্দুয়া সভায় বলেন যে, আগুন নেভানোর জন্য একটি ইকুমেন্ট গাড়ির প্রয়োজন। ইকুমেন্ট গাড়ির ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮. | চেয়ারম্যান, সান্দিকোনা ইউপি | চেয়ারম্যান, সান্দিকোনা ইউপি সভায় বলেন যে, হাটবাজার থেকে ৪৬% টাকা ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়া উপজেলা উপজেলা অফিসা |
| ৯. | চেয়ারম্যান, গন্ডা ইউপি | চেয়ারম্যান, গন্ডা ইউপি সভায় বলেন যে, গত বছরের এডিপির কাজ এখনো হয় নাই। কাজটি দ্রুত শেষ করার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষ উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| ১০. | চেয়ারম্যান, রোয়াইলবাড়ী ইউপি | চেয়ারম্যান, রোয়াইলবাড়ী ইউপি সভায় বলেন যে, রোয়াইলবাড়ী তাতীপাড়া ব্রিজটির কাজ এখনো শুরু হচ্ছে না। দ্রুত কাজ শুরু করার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| ১১. | চেয়ারম্যান বলাইশিমুল ইউপি | চেয়ারম্যান, বলাইশিমুল ইউপি সভায় বলেন যে, রাজিবপুর পাকা রাস্তা হতে রাজিবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় রাস্তাটি পাকা করণের জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| ১২. | চেয়ারম্যান, পাইকুড়া ইউপি | চেয়ারম্যান, পাইকুড়া ইউপি সভায় বলেন যে, পাইকুড়া আশ্রয়ন প্রকল্পে একটি সাবমারসিবল দেওয়া প্রয়োজন। একটি সাবমারসিবলের ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |
| ১৩. | চেয়ারম্যান, মাসকা ইউপি | চেয়ারম্যান, মাসকা ইউপি সভায় বলেন যে, ১% টাকা কাজে লাগানোর জন্য অনুরোধ করেন এবং নিম্নোক্ত প্রকল্পগুলো সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করেন।<br>০১। মাস্কা বাজারের পূর্ব পাশে আলমের দোকান হতে মস্তুফার দোকান পর্যন্ত পাকা ড্রেন নির্মাণ (অংশ-২টি) প্রকল্প।<br>০২। মাস্কা বাজার জামে মসজিদ সংলগ্ন রাস্তা সিসি করণ (অংশ-৪টি) প্রকল্প। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন এবং উপজেলা হাট বাজারের ১০% উন্নয়ন তহবিলের আয় হতে প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |
| ১৪. | চেয়ারম্যান, গড়াডোবা ইউপি | চেয়ারম্যান, গড়াডোবা ইউপি সভায় বলেন যে, মাতৃত্বকালীন ভাতার আবেদন সফল হয়েছে কিন্তু তারা ভাতা পাচ্ছে না। শিমুলতলী থেকে খরমহরী রাস্তার গাছগুলো ভেঙ্গে পড়ে যাচ্ছে। গাছগুলোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৫. | চেয়ারম্যান, চিরাং ইউপি | চেয়ারম্যান, চিরাং ইউপি সভায় বলেন যে, চিরাং বাজারের ড্রেনের কোন ব্যবস্থা নেই। পানি নিষ্কাশনের জন্য ড্রেনের ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। কেন্দুয়া সাজিউড়া ভায়া মামুদপুর বাজারের রাস্তাটি মেরামত করার জন্য অনুরোধ করেন। তাছাড়া বিদ্যুতের ২ নাম্বার লাইনটিতে যথাযথ বিদ্যুৎ সরবরাহ করার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, ডিজিএম পল্লী বিদ্যুৎ, কেন্দুয়া |
| ১৬. | চেয়ারম্যান, মোজাফরপুর ইউপি | চেয়ারম্যান, মোজাফরপুর ইউপি সভায় বলেন যে, সাজিউড়া মোড় হতে মামুদপুর রাস্তাটির কাজ শুরু করার জন্য অনুরোধ করেন। চিরাং থেকে তাড়াইল রাস্তাটি সংস্কারের জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলী |
| ১৭. | চেয়ারম্যান, আশুজিয়া ইউপি | চেয়ারম্যান, আশুজিয়া ইউপি সভায় বলেন যে, রামপুর বাজারে বিভিন্ন রাস্তাঘাট, পশুর হাটের বাউন্ডারি নির্মাণ এবং ড্রেন নির্মাণ প্রকল্পসমূহ সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করেন।<br>ক)<br>১। রামপুর বাজারে রামপুর-বেখৈরহাটি রাস্তা হতে খায়রুলের দোকান পর্যন্ত রাস্তা সিসি করণ প্রকল্প।<br>২। রামপুর বাজার তরকারী মহাল সংস্কার করণ প্রকল্প।<br>৩। রামপুর বাজার হতে তেলিগাতী অভিমুখী রাস্তায় গর্ত ভরাট ও রাস্তা মেরামত প্রকল্প।<br>খ)<br>১। রামপুর বাজার পশুর হাটের রাস্তা সংস্কার করণ প্রকল্প।<br>২। রামপুর বাজার গরুর হাটের পূর্ব অংশে কাটা তারের বাউন্ডারী নির্মাণ প্রকল্প। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।<br>ক) উপজেলা হাট-বাজার ১০% উন্নয়ন তহবিলের আয় হতে দাখিলকৃত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৩। রামপুর-কেন্দুয়া রাস্তা হতে মঞ্জু ফকিরের দোকান পর্যন্ত রাস্তা সংস্কার প্রকল্প।<br>৪। রামপুর বাজারের বিভিন্ন মহালের ড্রেন পরিস্কার করণ প্রকল্প। | খ) উপজেলা হাট-বাজার ১৫% উন্নয়ন তহবিলের আয় হতে দাখিলকৃত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। | |
| | চেয়ারম্যান, নওপাড়া ইউপি | চেয়ারম্যান, নওপাড়া ইউপি সভায় বলেন যে, নওপাড়া বাজারে চৌশাগার নির্মাণ করন প্রকল্পটি সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করেন। | উপজেলা হাট-বাজার ১০% উন্নয়ন তহবিলের আয় হতে দাখিলকৃত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয় | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলী |
| ১৯ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | জনাব মোফাজ্জল হোসেন ভূঞা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জনাব ভাস্কর তালুকদার এবং উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা জনাব ডা.এবাদুর রহমান জাতীয় শোক দিবস পালন অনুষ্ঠানে বিনা কারণে অনুপস্থিত রয়েছেন।<br>উপজেলা প্রাণি সম্পদ মেলা'র উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যানকে বরাদ্দ থাকা সত্ত্বেও সম্মানী ভাতা দেওয়া হয় নি।<br>উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার কার্যালয়ের এম্বুলেন্স নষ্ট থাকার পরও এম্বুলেন্সের জন্য বরাদ্দকৃত তেলের টাকা ডা.এবাদুর রহমান, উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা কর্তৃক উত্তোলন করা হয়েছে। | জনাব ভাস্কর তালুকদার উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা এবং ডা.এবাদুর রহমান উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা আলোচিত বিষয়ে লিখিতভাবে মতামত দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী |
| ২০ | বিবিধ-১ | উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলা পরিষদের ০৪ (চার) জন নিয়মিত কর্মচারী যথাক্রমে জনাব আমান উল্লাহ, সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, জনাব মো: জহির রানা, গাড়ী চালক, জনাব মনিরুল ইসলাম পিপুল, অফিস সহায়ক এবং জনাব মো: রঞ্জু মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, কেন্দুয়া। উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধি, ২০১০ অনুযায়ী প্রদেয় ভবিষ্যৎ তহবিল হিসাব নাম্বার খোলা ও এ যাবৎ উপজেলা পরিষদের নিকট বকেয়া পাওনা টাকা পরিশোধের জন্য আবেদন করেন। এ বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে গত ০৩.০৩.২০২০ খ্রি: তারিখের ৩১৮ নং স্মারক ও ২৭ আগস্ট ২০২৩ খ্রি: তারিখের ৪৬০ নং স্মারকপত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করেন। ০৪ (চার) জন কর্মচারীর প্রদেয় ভবিষ্যৎ তহবিল খোলা ও বকেয়া পাওনা টাকা পরিশোধ সংক্রান্ত আবেদন ও স্থানীয় সরকার বিভাগ হতে প্রাপ্ত পত্রটি সভায় উপস্থাপন করেন। | উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধি, ২০১০ এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে প্রাপ্ত পত্রের নির্দেশনা এবং উক্ত ০৪ (চার) জন কর্মচারীর আবেদনের প্রেক্ষিতে স্ব-স্ব কর্মচারীর জন্য প্রদেয় ভবিষ্যৎ তহবিল হিসাব খোলা এবং বকেয়া পাওনা টাকা উক্ত তহবিলে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া উক্ত হিসাব স্ব-স্ব কর্মচারী ও উপজেলা নির্বাহী অফিসারের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |
| ২১ | বিবিধ-২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ ইউনিয়ন পরিষদের রেজুলেশনসহ হাটবাজারের প্রকল্প দাখিল করেন। রেজুলেশনে উল্লেখ করেন যে বাজার গুলোতে সর্বসাধারণের ব্যবহারের জন্য ইউরিনাল ল্যাট্রিন স্থাপনসহ বাজারের ভিতরের বিভিন্ন রাস্তা মেরামত করার জন্য রেজুলেশনে উল্লেখ করেন এবং প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য অনুরোধ করেন। প্রকল্পগুলো নিম্নরূপ:<br>০১। বীরগঞ্জ বাজারে বাবনের দোকান হতে খোকনের দোকান পর্যন্ত ড্রেন নির্মাণ প্রকল্প।<br>০২। বীরগঞ্জ বাজারে কাজলের দোকানের পার্শ্বে পাবলিক টয়লেট নির্মাণ প্রকল্প।<br>০৩। বেখৈরহাটি বাজারে গণ শৌচাগার নির্মাণ প্রকল্প।<br>০৪। বেখৈরহাটি বাজারের গরুর হাটে বালু ভরাট প্রকল্প।<br>০৫। ভূইয়ার বাজারে মাছ মহালে স্যানিটারী ল্যাট্রিন ও প্রস্রাব খানা নির্মাণ প্রকল্প।<br>০৬। ভূইয়ার বাজারে চৌরাস্তা হতে সোহাগের দোকান পর্যন্ত রাস্তা মেরামত নির্মাণ প্রকল্প।<br>০৭। গন্ডা গরুর বাজারে টয়লেট ও প্রস্রাবখানা নির্মাণ প্রকল্প।<br>০৮। গন্ডা বাজারে টয়লেট ও প্রস্রাবখানা সংস্কার ও টেংকিসহ পানির মটর স্থাপন প্রকল্প। | উপজেলা হাট-বাজার ১০% উন্নয়ন তহবিলের আয় হতে এবং অন্যান্য আয়ের অর্থ হতে ইউনিয়ন পরিষদ কর্তৃক দাখিলকৃত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।<br>উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ০৯। সাহিতপুর বাজারের গুচ্ছগ্রামের প্রস্রাবখানা নির্মাণ ও বাথরুম মেরামত প্রকল্প।<br>১০। সাহিতপুর বাজারে হেলালের ঘর হতে হাসনাত উকিলের ঘর পর্যন্ত রাস্তা মেরামত প্রকল্প।<br>১১। আমলিতলা বাজারে মসজিদের কাছে স্যানিটারী ল্যাট্রিন নির্মাণ প্রকল্প।<br>১২। আমলিতলা বাজারে ১টি স্যানিটারী ল্যাট্রিন নির্মাণ প্রকল্প।<br>১৩। নওপাড়া বাজারে শাহাজাহান চেয়ারম্যানের ঘর হতে হুমায়ুন মাষ্টারের ঘর পর্যন্ত সিসি ঢালাই প্রকল্প।<br>১৪। নওপাড়া বাজারে সাজ্জাদের দোকান হতে নওপাড়া মাছ মহালে রাস্তা সিসি করণ প্রকল্প।<br>১৫। রোয়াইলবাড়ী বাজারে মসজিদ সংলগ্ন ১টি টিউবওয়েল নির্মাণ, ল্যাট্রিন নির্মাণ ও ধান মাহালের রাস্তা নির্মাণ প্রকল্প।<br>১৬। রোয়াইলবাড়ী বাজারে মাছ মহালের পানি নিষ্কাশন এবং ড্রেন সংস্কার ও ইউড্রেন নির্মাণ প্রকল্প।<br>১৭। পাইকুড়া বাজারে মাছ মহালে পানি নিষ্কাশনের ড্রেন নির্মাণ প্রকল্প।<br>১৮। পাইকুড়া বাজারে পানি নিষ্কাশনের ড্রেন সংস্কার ও ১টি নলকূপ স্থাপন প্রকল্প<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ আরও বলেন যে হাটবাজারের প্রস্রাবখানা, ল্যাট্রিন, বাজারের ভিতরের রাস্তা মেরামত কাজ করা অতি প্রয়োজন বলে উল্লেখ করেন। ইউনিয়ন পরিষদ কর্তৃক রেজুলেশন মূলে দাখিলকৃত প্রকল্পগুলো উপজেলা হাট বাজার ১০% উন্নয়ন তহবিলের আয়ের অর্থ হতে এবং হাটবাজার তহবিলে জমাকৃত অর্থের ব্যাংক কর্তৃক প্রদেয় সুদ বাবদ প্রাপ্ত অর্থ হতে নিম্নোক্ত ইউনিয়নে অবস্থিত সরকারি হাট বাজার গুলো জনস্বার্থে প্রকল্প গ্রহণ করা যেতে পারে। । উল্লেখ্য যে গত অর্থ বছরে ব্যাংক কর্তৃক ৩,৭১,০০০/- টাকা সুদ পাওয়া যায়।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, কেন্দুয়া উপজেলা সরকারি হাটবাজার গুলোর অবস্থা ভালো না। জনস্বার্থে প্রস্রাবখানা, ল্যাট্রিন এবং বাজারের ভিতরের রাস্তা মেরামত করা প্রয়োজন বলে মতামত ব্যক্ত করেন। | | |
| ২২. | বিবিধ-৩ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার নিম্নবর্ণিত ব্যয় অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br>ক) ডরমেটরী ভবনের পানির ট্যাংকি ও অন্যান্য মালামাল ক্রয় বাবদ ১১,১৮৭/- টাকা চেক নং-৬২০৫২১৯ তারিখ: ২৬.৭.২০২৩ মূলে জনাব আমান উল্লাহ, সাটমুদ্রাক্ষরিক, কেন্দুয়াকে প্রদান।<br>খ)আব্দুল আলিম, পিতা-মৃত ছরবেশ খান, গ্রাম-ছিলিমপুর, কেন্দুয়াকে আর্থিক চিকিৎসা বাবদ ৫০০০/- টাকা চেক নং-৬২০৫২২২ তারিখ: ২৬.৭.২০২৩ মূলে প্রদান।<br>গ) মোস্তফা, পিতা-মৃত মুনসুর আলী, গ্রাম-পনকেন্দুয়া, কেন্দুয়াকে আর্থিক চিকিৎসা বাবদ ৩০০০/- টাকা চেক নং-৬২০৫২২৩ তারিখ: ২৭.৭.২০২৩ মূলে প্রদান।<br>ঘ) ইসরাত জাহান ইমু, পিতা-মৃত উদ্দিন, গ্রাম-খিদিরপুর, কেন্দুয়াকে আর্থিক চিকিৎসা বাবদ ৫০০০/- টাকা চেক নং-৬২০৫২২৪ তারিখ: ৩০.৭.২০২৩ মূলে প্রদান।<br>ঙ) সেকুল মিয়া, পিতা-মৃত আবুল কাশেম, গ্রাম-জুড়াইল, কেন্দুয়াকে আর্থিক সহায়তা বাবদ ৫০০০/- টাকা চেক নং-৬২০৫২৩২ তারিখ: ০১.০৮.২০২৩ মূলে প্রদান।<br>চ) উপজেলা পরিষদের জন্য ২টি ওয়াল ফ্যান ক্রয় বাবদ ১০,২৯২/-টাকা, চেক নং-৬২০৫২৩৩ তারিখ: ০২.০৮.২০২৩ মূলে প্রদান।<br>ছ) জনাব নুর জাহান, স্বামী-মৃত আবুল হাশেম, গ্রাম-কান্দিউড়া, কেন্দুয়াকে আর্থিক সহায়তা বাবদ ১০,০০০/-টাকা, চেক নং-৬২০৫২৪২ তারিখ: ০৮.০৮.২০২৩ মূলে প্রদান।<br>জ) জনাব সোহেল মিয়া, পিতা-আবুল হোসেন, গ্রাম-সোহাগপুর, কেন্দুয়াকে আর্থিক সহায়তা বাবদ ১০,০০০/-টাকা, চেক নং-৬২০৫২৪৬ তারিখ: ০৯.০৮.২০২৩ মূলে প্রদান।<br>ঝ) উপজেলা পরিষদের ০১টি কম্পিউটার, মাদারবোর্ড মেরামত ও আনুষাঙ্গিক কাজের বিল বাবদ ৫০১২/-টাকা, চেক নং-৬২০৫২৪৭ তারিখ: ০৯.০৮.২০২৩ মূলে প্রদান।<br>ঞ) জনাব মো: মনিরুল ইসলাম পিপুল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, কেন্দুয়াকে মেয়ের চিকিৎসা বাবদ ২৫,০০০/-টাকা, চেক নং-৬২০৫২৫০ তারিখ: ১০.০৮.২০২৩ মূলে প্রদান।<br>ট) উপজেলা পরিষদের হলরুমের এসির গ্যাস লাগানো ও মেরামত, সার্ভিসিং বাবদ ১৯,৬৯০/-টাকা, চেক নং-৬২০৫২৫২ তারিখ: ২০.০৮.২০২৩ মূলে জনাব নাজিম উদ্দিন, অফিস সুপারকে প্রদান।<br>ঠ) উপজেলা পরিষদের ঝোপঝাড়, আগাছা, ড্রেন ইত্যাদি পরিষ্কার বাবদ ২২,৩৭৫/-টাকা, চেক নং-৬২০৫২৫৫ তারিখ: ১০.০৮.২০২৩ মূলে জনাব আমান উল্লাহ, সাটমুদ্রাক্ষরিককে প্রদান।<br>ড) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে আনুষাঙ্গিক বৃয়য় বাবদ ৫০,১৯২/- টাকা, চেক নং-৬২০৫২৫৮ | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ব্যয়োত্তর অনুমোদিত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | তারিখ: ২০.০৮.২০২৩ মূলে প্রদান।<br>ঢ) জনাব রুকন উদ্দিন, পিতা-মো: সিরাজুল ইসলাম, গ্রাম-রজকচিকনী, কেন্দুয়াকে আর্থিক সহায়তা বাবদ ৫০০০/- টাকা, চেক নং-৬২০৫২৬২ তারিখ: ২১.০৮.২০২৩ মূলে প্রদান।<br>ণ) জনাব মো: জিয়াউর রহমান জীবন, চর্চা সাহিত্য আড্ডা, সমন্বয়কারী কেন্দুয়াকে নিয়মিতভাবে সাপ্তাহিক সাহিত্য আড্ডার আনুষাঙ্গিক ব্যয় মেটানো বাবদ ১০,০০০/- টাকা, চেক নং-৬২০৫২৭০ তারিখ: ২৮.০৮.২০২৩ মূলে প্রদান। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নুরুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।
তারিখঃ ২৮ আগস্ট ২০২৩ খ্রি.

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৩-৬৯৯
সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫৯, নেত্রকোণা -৩, (কেন্দুয়া - আটপাড়া) নির্বাচনী এলাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নেত্রকোণা।

(কাবেরী জালাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।
তারিখঃ ২৮আগস্ট ২০২৩ খ্রি.

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৩-৬৯৯
অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।
২। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ মেয়র, কেন্দুয়া পৌরসভা, কেন্দুয়া, নেত্রকোণা।
৩। উপজেলা ........................................... কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা।
৪। চেয়ারম্যান ....................................... ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।
৫। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা